**বিষয়: মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (নভেম্বর ২০২২)**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরে APA'তে অন্যতম কৌশলগত উদ্দেশ্য সিসমিক জরিপ সম্পাদন কার্যক্রমের আওতায় ১০০০ লা: কি: মি: ২ডি এবং ৭০ লা: কি: মি: ৩ডি সিসমিক জরিপের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সিসমিক জরিপ সূচক মনিটরিং কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি গত ২৯-১১-২০২২ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মিলিত হয় এবং চলমান সিসমিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে মনিটরিং পরিকল্পনা গ্রহণ করে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**৩.১। ২-ডি এবং ৩ডি সিসমিক জরিপ:**

বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের ফেনী এবং সিনোপেক কর্তৃক স্বন্দীপ এবং স্বর্ণদীপ এলাকায় সিসিমিক ডাটা একুইজিসন কার্যক্রম শুরু হয়েছে এবং অনফিল্ড প্রসেসিং কার্যক্রমও চলমান রয়েছে। এ যাবৎ বাপেক্স কর্তৃক ৯৪.৩ লাইন কিলমিটার সার্ভে, ৪৮.৩ লাইন কিলমিটার ড্রিলিং ও ১২ লাইন কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। এছাড়াও সিনোপেক কর্তৃক ২০৪ লাইন কিলোমিটার সার্ভে, ৮২ লাইন কিলমিটার ড্রিলিং ও ২৭ লাইন কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। সর্বোমোট ২৯৮ লাইন কিলোমিটার সার্ভে, ১৩০ লাইন কিলমিটার ড্রিলিং ও ৩৯ লাইন যা মোট প্রকল্পের ৩.৫৪ শতাংশ। প্রকল্প বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই এবং নির্দিষ্ট সময়ের মাঝেই ১১০০ লাইন কিলোমিটার এর অধিক ডাটা একুইজিসান সম্পন্ন হবে। ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের তাদের প্রেরিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ধরনের কার্যক্রমের দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এছাড়াও নভেম্বর মাসে কয়েকটি কার্যক্রমের দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা নেই। জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক প্রকল্পের ডাটা একুইজিসান কার্যক্রম আগামী ডিসেম্বর/জানুয়ারী মাসে শুরু হবে এবং ডাটা প্রসেসিং কার্যক্রম পাশাপাশি চলবে ফলে নির্দিষ্ট সময়ে মধ্যে কার্যক্রম সম্পন্ন হবে ।

৩.২। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড-পরিচালিত বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রমের প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী তাদের কার্যক্রম চলমান রয়েছে। তবে সীমান্ত সংলগ্ন কিছু এলাকায় সিসমিক ডাটা একুইজিসান এর সময় এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়ে বিজিবি এর আপত্তি রয়েছে। পূর্ণ ফোল্ডের ডাটা একুইজিসান এর জন্য বিজিবি ক্যাম্প এর অভ্যন্তরে এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়টি গুরুত্বপূর্ণ, অন্যথায় এই অংশ বাদ দিয়ে ডাটা একুজিসান সম্পন্ন করতে হবে। যেহেতু ডাটা একুজিসান প্রক্রিয়াটি একটানা করতে হয় সুতরাং এই অংশ বাদ দিলে পরবর্তীতে আর এখানে ডাটা একুজিসান করা যাবেনা। তারা এ বিষয়ে বিজিবি এর সাথে আলোচনা করেছে এবং পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করেছে। পরবর্তীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বিষয়টি জননিরাপত্তা বিভাগকে জানিয়েছে। এছাড়াও অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি প্রকল্পের সিসমিক ডাটা একুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে, তবে কিছু এলাকা বিমান বাহিনীর হওয়ায় তারা আপত্তি তুলেছে, এ প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলেও বিমান বাহিনী তাদের ইউনিটসমূহের সাথে আলোচনা করে বিষয়টি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করবে। বিমানবাহিনীর আপত্তি ছাড়াও সার্ভে এলাকার কিছু অংশ বনবিভাগের আওতাধীন হওয়ায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়টি অত্যাবশ্যাক হিসেবে বিবেচনা করা হচ্ছে।

৩.৩। বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেডের হবিগঞ্জ ফিল্ড ও তদ্সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. এবং বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে কার্যক্রম চলমান।

**৪.০ কমিটির মন্তব্য/সুপারিশ:**

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | **ক)** সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর আওতাধীন অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর সিসমিক সার্ভে প্রকল্প এলাকায় বিমানবাহিনীর আপত্তির বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | প্রকল্প পরিচালকগণ, পেট্রোবাংলা পরিকল্পনা উইং, জ্বালানি ও |

| | | |
|---|---|---|
| | **খ)** বিয়ানীবাজার সিসমিক প্রকল্পের বিজিবি এর আপত্তির বিষয়টি এ বিভাগের পরিকল্পনা উইং এর মাধ্যমে দ্রুত নিস্পত্তি ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**গ)** অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় বন বিভাগের কিছু এলাকায় আপহোল ড্রিলিং কার্যক্রম শুরুর নিমিত্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | খনিজ সম্পদ বিভাগ |
| ৪.২ | মনিটরিং টিম ডিসেম্বর মাসে অন্ততঃ একটি প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করবে; | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.৩ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ প্রকল্পের পরিমাণগত বাস্তব অগ্রগতির প্রতিবেদন সিসমিক মনিটরিং টিম এর নিকট মাসিক ভিত্তিতে প্রেরণ করবেন; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.৪ | প্রকল্পসমূহের অধীনে গৃহীত কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থাসমুহের সাথে সময়মত যোগাযোগ রক্ষা করতঃ সঠিক সময়ে কার্যক্রম সম্পাদন করতে হবে। | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

১৪/১২/২০২২
মোহাম্মদ রবিউল আউয়াল খান
ব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

১৫/১২/২০২২
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

১৫/১২/২০২২
এম নাসিমুল আলীম
উপ-মহাব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

১৫/১২/২০২২
দিলওয়ারা আলো
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

১৫/১২/২২
শাকিল আহমেদ
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

১৫/১২/২০২২
মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি